

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪০২০

আগরতলা, ০৪ ডিসেম্বর, ২০২৩

জিবিপি হাসপাতালে হাটের দুরূহ অস্ত্রোপচার



আগরতলা সরকারি মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতালে প্রথমবারের মত ইন্টারভেনশনাল ক্লোজার অব অ্যাট্রিয়াল সেপ্টাল ডিফেক্ট (এএসডি) সফলভাবে সম্পন্ন হল। ওপেন হাট সার্জারি ছাড়াই এই দুরূহ অস্ত্রোপচার সম্পন্ন করলেন রাজ্যের কার্ডিওলজিস্টরা। আগরতলা সরকারি মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতালে সম্প্রতি প্রথমবারের মত ইন্টারভেনশনাল ক্লোজার অব অ্যাট্রিয়াল সেপ্টাল ডিফেক্ট (এএসডি) সফলভাবে সম্পন্ন হয়।

আগরতলার প্রতাপগড়ের বাসিন্দা ৫৪ বছর বয়সী এই মহিলার জন্ম থেকেই হৃদপিণ্ডের উপরের দুটি কক্ষের মধ্যে ফুটো ছিল। ফলে তাঁর হাট ফেলিওর হয়। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে তাকে ভর্তি করা হয়। তাঁর হৃদপিণ্ডে অস্বাভাবিক রক্ত সংবহন হচ্ছিল এবং তার হৃদযন্ত্রের সমস্যা হচ্ছিল। আগরতলা সরকারি মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতালের কার্ডিয়াক সার্জনরা তার ওপেন হাট সার্জারি ছাড়াই অ্যাট্রিয়াল সেপ্টাল ডিফেক্ট (এএসডি) এর ইন্টারভেনশনাল ক্লোজারের ট্রান্স ক্যাথেটার পদ্ধতিতে এএসডি বন্ধ করেন। এই অপারেশনে ছিলেন কনসালটেন্ট কার্ডিওলজিস্ট, কার্ডিওলজিস্ট বিভাগের ইনচার্জ এইচওডি ডাঃ অনিন্দ্য সুন্দর ত্রিবেদী, কনসালটেন্ট কার্ডিওলজিস্ট ইউনিট ডাঃ রাকেশ দাস, অ্যানেশ্বেসিওলজিস্ট ডাঃ সুরজিৎ পাল, কার্ডিয়াক অ্যানেশ্বেসিওলজিস্ট ডাঃ মণিময় দেববর্মা, কার্ডিওলজি বিভাগের জুনিয়র ডাক্তার ডাঃ অর্ঘ্য প্রতীম নাথ, ডাঃ অনুরূপা বোস, ডাঃ সম্রাট দাস, ডাঃ প্রসেনজিৎ নন্দী, ডাঃ অসমিন চাকমা, ক্যাথল্যাভ টেকনিশিয়ান সঞ্জয় ঘোষ, ক্যাথল্যাভ নার্স দেবব্রত দেবনাথ ও প্রাণকৃষ্ণ দেব, ইকো টেকনিশিয়ান কিষণ রায়, কো-অর্ডিনেটর অভিষেক দত্ত, জেমসন দেববর্মা, রিচাশ্রী সরকার এবং ওটি অ্যাসিস্ট্যান্ট সৌরভ শীল, জয়দীব চক্রবর্তী, জয়ন্ত শীল ও রতন মন্ডল। রোগীকে গত ২ ডিসেম্বর ২০২৩ তারিখে কার্ডিওলজিস্ট বিভাগ থেকে ছেড়ে দেওয়া হয়। রোগীর অবস্থা বর্তমানে স্থিতিশীল। স্বাস্থ্য অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*